# জানাযার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

৫৮: মহিলা কর্তৃক রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম-এর কবর যিয়ারত এবং অন্যের কবর যিয়ারতের মধ্যে কি কোন পার্থক্য আছে? মহিলা কর্তৃক কবর যিয়ারতের নিষেধাজ্ঞা কি ‘আম বা সার্বিক বিধান নাকি রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম-এর কবর এই হুকুম থেকে আলাদা?

মহিলা কর্তৃক বিশেষভাবে রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম-এর কবর যিয়ারতের বৈধতার পক্ষে কোনো দলীল নেই। সুতরাং মহিলা কর্তৃক রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম-এর কবর যিয়ারত অন্য যে কোনো ব্যক্তির কবর যিয়ারতের মতই। একারণে আল্লাহ্‌র শুকরিয়া যে, মহিলা ছালাতে অথবা ছালাতের বাইরে রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম-এর প্রতি সালাম প্রদান করলেই তার জন্য যথেষ্ট হবে। কেননা সে পৃথিবীর যে কোনো প্রান্ত থেকে সালাম প্রদান করুক না কেন, তার সালাম রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম-এর রূহ বরাবর পৌঁছে দেওয়া হয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1715

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন